



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান) কোটায় শিক্ষার্থীদের
ভর্তির সময়সূচি, নির্দেশিকা ও নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা

ক্র.	বিবরণ	সময়সূচি
১.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	২৪-৪-২০২৬ থেকে ২৭-৪-২০২৬ তারিখ রাত ১১:৫৯ পর্যন্ত
২.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা প্রদান: (ক) ডাউনলোডকৃত ভর্তি ফরমের প্রিন্টেড কপি; (খ) এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল সনদপত্র এবং নম্বরপত্র; (গ) সরকার কর্তৃক অনুমোদিত যে কোনো হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টার/ ল্যাবরেটরি/ক্লিনিক থেকে ডোপ টেস্টের (অপিয়ড, অ্যামফিটামিন, বেনজোডায়াজেপিন, ক্যানাবিনয়েডস, অ্যালকোহল) রিপোর্ট; (ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টার থেকে সংগৃহীত চিকিৎসা সনদপত্র; (ঙ) পিতা/মাতা মুক্তিযোদ্ধা সংক্রান্ত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র/ডিজিটাল সনদপত্র, সরকারী গেজেট/লাল মুক্তিবর্তার মূলকপি এবং মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র (যদি জীবিত থাকে); (চ) ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (অঙ্গীকারনামার নমুনা কপি সংযুক্তি দেখা যেতে পারে); উপরে উল্লিখিত প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত কপি (সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক) প্রিন্টকৃত ভর্তি ফরমের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও অনুষদের ডিন/পরিচালক-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে।	২৬-৪-২০২৬ থেকে ২৮-৪-২০২৬ তারিখ (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত)

নির্দেশিকা:

মুক্তিযোদ্ধা (সন্তান) কোটায় ভর্তির ক্ষেত্রে:

- academic.juniv.edu ওয়েবসাইট থেকে Bachelor (Honours) বাটনে ক্লিক করতে হবে।
- Admission Test Roll No. ও এইচ.এস.সি./সম্মানের রেজিস্ট্রেশন (IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল নম্বর) নম্বর দিয়ে লগইন করতে হবে।
- প্রদত্ত ওয়েবসাইটে লগইন করে “আবেদন ফরম” মেনুতে ক্লিক করে অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ভর্তির জন্য নির্ধারিত ফি (১.২% সার্ভিস চার্জ প্রযোজ্য) প্রদান করতে হবে।
- অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি. ও এইচ.এস.সি./সম্মান-এর মূল সনদপত্র, নম্বরপত্র এবং ডোপ টেস্টের রিপোর্ট (সকল সনদপত্র PDF/JPG ফরম্যাটে এবং ফাইল সাইজ ৮০০ KB এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে Submit করতে হবে।
- আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

ভর্তি ফরম ডাউনলোড:

- এসএমএস পাওয়ার পর academic.juniv.edu ওয়েবসাইট থেকে Bachelor (Honours) বাটনে ক্লিক করে পুনরায় লগইন করে “ভর্তি ফরম ডাউনলোড” মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা শাখায় জমা দিতে হবে।
- ভর্তি সম্পর্কিত যে কোনো প্রয়োজনে [০১০২৯০৬১৮০১](tel:01029061801), [০১০২৯০৬১৮০২](tel:01029061802), [০১৯৫০৯৮৯২৯৯](tel:01950989299) ও [০১৮৫০৮৯৯০৩০](tel:01850899030) মোবাইল নম্বরে (সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.৩০ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।

বি. দ্র.: নেটওয়ার্ক সমস্যা/অন্য কোনো কারণে এসএমএস না পেলেও সকল তথ্য সঠিক থাকলে নির্ধারিত সময়ের মধ্যে লগইন করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করা যাবে। এই বিজ্ঞপ্তিতে কোনো প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে পরবর্তীতে কর্তৃপক্ষ তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-/সৈয়দ মোহাম্মদ আলী রেজা)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

এবং

সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান) কোটায় ভর্তির লক্ষ্যে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা:

SL No	Exam Roll	Student's Name	Department/Institute	Admission Fee (Taka)
1	1134045	SHEIKH MAHABUB ALAM	Institute of Information Technology (IIT)	14034
2	3232645	MST HUMAIRA KHATUN JARIN	Bangla	13910
3	3113568	KAZI IMTIAZ AKIB	International Relations	13910
4	4232534	FARIHA AKTER TITHI	Pharmacy	13910
5	4235826	SHATABDI PAUL	Microbiology	13910
6	5211381	UMME AMENA ORPA	Finance and Banking	13910
7	5112934	ABDULLAH RAHMAN	Accounting and Information Systems	13910

অঙ্গীকারনামা

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমি.....

পিতা-....., মাতা-.....

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান) কোটায়

..... বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছি।

মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির যে কোনো পর্যায়ে মুক্তিযোদ্ধার সনদপত্রসহ অন্যান্য প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে ভর্তি

বাতিল করলে আমার কোনো আপত্তি থাকবে না এবং বিশ্ববিদ্যালয় আইনানুগ প্রক্রিয়ায় যে ব্যবস্থা গ্রহণ করবে তাই

আমি মানতে বাধ্য থাকবো।

ছাত্র/ছাত্রীর নাম :

পিতার নাম :

মুক্তিযোদ্ধার নাম :

মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক :

বিভাগের নাম :

পরীক্ষার রোল নম্বর :

মোবাইল নম্বর :